গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি**

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.১৮.৩২২.২০১৪(অংশ-১)-**৪৬৭**

তারিখ: ২৬ বৈশাখ ১৪৩০ / ০৯ মে ২০২৩

বিষয়: বৌদ্ধ সম্প্রদায়ের জনগণের মরদেহ দাহ করার জন্য বৈদ্যুতিক চুল্লীসহ স্থায়ী শ্মশান নির্মাণ।

সূত্র : জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়-এর স্মারক নং-০১.০০.০০০০.০১১.৩২.০০১.২০-০৬, তারিখ: ১০ এপ্রিল ২০২৩খ্রি;

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে বৌদ্ধ সম্প্রদায়ের জনগণের মরদেহ দাহ করার নিমিত্ত বৈদ্যুতিক চুল্লীসহ স্থায়ী শ্মশান নির্মাণ সংক্রান্ত পত্রটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

০৯.০৫.২০২৩

(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০
ই-মেইল: lgcc1@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
নগর ভবন, ঢাকা।

**অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থে:**

১। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মন্ত্রী'র একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
রাষ্ট্রপতির কার্যালয়
জন বিভাগ
বঙ্গভবন, ঢাকা
www.bangabhaban.gov.bd

নম্বর: ০১.০০.০০০০.০১১.৩২.০০১.২০-০১৬

তারিখ: ২৭ চৈত্র ১৪২৯
১০ এপ্রিল ২০২৩

বিষয়: বৌদ্ধ সম্প্রদায়ের জনগণের মরদেহ দাহ করার জন্য বৈদ্যুতিক চুল্লীসহ স্থায়ী শ্মশান নির্মাণের আবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে বুদ্ধপ্রিয় মহাথের, সভাপতি, বাংলাদেশ বৌদ্ধ কৃষ্টি প্রচার সংঘ ও অধ্যক্ষ, ধর্মরাজিক বৌদ্ধ মহাবিহার, ঢাকা মহামান্য রাষ্ট্রপতি বরাবর বৌদ্ধ সম্প্রদায়ের জনগণের মরদেহ দাহ করার জন্য বৈদ্যুতিক চুল্লীসহ স্থায়ী শ্মশান নির্মাণের বিষয়ে আবেদন করেছেন।

২। উল্লেখ্য যে, বৌদ্ধদের ধর্মীয় অনুষ্ঠান শুভ প্রবারণা পূর্ণিমা উপলক্ষে গত ০৮ অক্টোবর ২০২২ তারিখে বাংলাদেশ বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের উদ্যোগে বৌদ্ধ প্রতিনিধিদের একটি দল মহামান্য রাষ্ট্রপতির সাথে সৌজন্য সাক্ষাত করতে এলে তাঁরা তাঁর কাছে ঢাকায় একটি বৈদ্যুতিক চুল্লীসহ স্থানীয় শ্মশান নির্মাণের জন্য প্রস্তাব উপস্থাপন করেন। মহামান্য রাষ্ট্রপতি তাদের বিষয়টি যৌক্তিক বলে উল্লেখ করেন। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ বৌদ্ধ কৃষ্টি প্রচার সংঘের পক্ষ থেকে ধর্মরাজিক বৌদ্ধ মহাবিহার প্রাঙ্গণে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক বৈদ্যুতিক চুল্লীসহ একটি শ্মশান নির্মাণের প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি বরাবরে পেশ করেছে। এ লক্ষে শ্মশান নির্মাণের জন্য প্রাথমিক ভাবে ১.৪৬ কোটি টাকার একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে।

৩। এমতাবস্থায়, উক্ত প্রস্তাবটি সহানুভুতির সাথে বিবেচনাপূর্বক ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর মাধ্যমে বৌদ্ধ শ্মশান নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

১০/০৪/২০২৩
(জন্নাতুন নাঈম)
উপসচিব
ফোন-০২২২-৬৬৩৮২০৫

সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়,বঙ্গভবন,ঢাকা(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২। বুদ্ধপ্রিয় মহাথের, সভাপতি, ধর্মরাজিক বৌদ্ধ মহাবিহার, অতীশ দীপংকর সড়ক, বাসাবো, সবুজবাগ, ঢাকা-১২১৪, বাংলাদেশ

স্থানীয় সরকার বিভাগ
ডায়েরি নং ... তারিখঃ ১৩/৪/২৩

নম্বর নং ... তারিখ ...
১। যুগ্ম-সচিব (নঃউঃ-১)
২। যুগ্ম-সচিব (নঃউ-২)
৩। উপ-সচিব (সিঃকঃ১/২)
৪। উপ-সচিব (পৌর-১/২)

ডায়েরি নং ৩০২
তারিখ: 17 APR 2023
প্রশাসনিক কর্মকর্তা (সিটি কর্পোরেশন-১)
১৭/০৪/২৩
উপসচিব (সিটি কর্পোরেশন-১ শাখা)

নম্বর ৫০.৬৬ তারিখঃ
১। উপ-সচিব-সিঃ কঃ-১
২। উপ-সচিব-সিঃ কঃ-২
৩। নগর উন্নয়ন-১
৪। নগর উন্নয়ন-২
১৩.০৪.২৩
যুগ্মসচিব (নঃউঃ-১) অধিশাখা

১৬৮

বুল : অতীশ, ঢাকা

নমোতস্‌স

ফোন : +৮৮ ০২ ৭২৭ ৫৬৬৫
Email : drbb1214@ymail.com
smahathero1214@gmail.com
Web-mail : dharmarajikatrustfoundation.org

# বাংলাদেশ বৌদ্ধ কৃষ্টি প্রচার সংঘ

প্রতিষ্ঠা : ১৯৪৯, রেজি: নং-৯৭৪

**বৌদ্ধ ধর্মীয়, সাংস্কৃতিক ও সামাজিক সংগঠন**

(বিশ্ববৌদ্ধ সৌভ্রাতৃত্ব সংঘ বালাদেশ আঞ্চলিক শাখা এবং এশীয় বৌদ্ধ শান্তি সম্মেলন সংস্থা, বাংলাদেশ জাতীয় কেন্দ্র)
প্রধান কার্যালয়: ধর্মরাজিক বৌদ্ধ মহাবিহার, অতীশ দীপংকর সড়ক, বাসাবো, সবুজবাগ, ঢাকা-১২১৪, বাংলাদেশ।

সূত্র : তারিখ :

বাবৌকৃপ্রস-০৪৮-২০২৩-ঢাকা। ০৫.০৩.২০২৩

রাষ্ট্রপতির কার্যালয়, জন বিভাগ, বঙ্গভবন, ঢাকা
নং ৯৭৬
06 MAR 2023
সচিব

সমীপে
**মহামান্য রাষ্ট্রপতি**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
বঙ্গভবন
ঢাকা, বাংলাদেশ।

বিষয় : **বৌদ্ধ সম্প্রদায়ের জনগণের মরদেহ দাহ করার জন্য বৈদ্যুতিক চুল্লীসহ স্থায়ী শ্মশান নির্মাণ প্রসংগে।**

মহাত্মন,

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক সবিনয় নিবেদন এই যে, বাংলাদেশ বৌদ্ধ কৃষ্টি প্রচার সংঘ'র প্রতিষ্ঠাতা সভাপতি, বিংশ শতাব্দির প্রখ্যাত বৌদ্ধ মণীষী মহামান্য মহাসংঘনায়ক বিশুদ্ধানন্দ মহাথের বৌদ্ধদের সামাজিক, সাংস্কৃতিক, ধর্মীয় কার্যাবলী সম্পাদনের জন্য ১৯৬০ সালে ঢাকা মহানগরীর সবুজবাগ থানাধীন অতীশ দীপংকর সড়ক সংলগ্ন "ধর্মরাজিক বৌদ্ধ মহাবিহার" প্রতিষ্ঠা করেন। এই বিহার অদ্যাবধি বৌদ্ধ বিশ্বে শুধু নয় সমগ্র বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল করার প্রতিনিয়ত প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে এবং বিশ্বব্যাপী সুনাম অর্জন করতে সক্ষম হয়েছে। ১৯৬০ সালের পর থেকে ঢাকাতে বৌদ্ধ জনসংখ্যা বাড়তে বাড়তে প্রায় আড়াই লক্ষেরও অধিক দাঁড়িয়েছে। ১৯৯৪ সালের ২রা মার্চ মহাসংঘনায়কের মহাপ্রয়াণ এবং তাঁরই একান্ত শিষ্য আমার গুরু সংঘনায়ক শুদ্ধানন্দ মহাথের'র ২০২০ সালের ৩রা মার্চ মহাপ্রয়াণের পর আমাকে সংগঠন ও সমস্ত প্রতিষ্ঠানের দায়িত্ব নিতে হয়।

কিন্তু এই বিপুল সংখ্যক বৌদ্ধদের কেহ মারা গেলে মৃতদেহ দাহ করার জন্য কোন শ্মশানের স্থান নির্ধারণ করা নাই। যার প্রেক্ষিতে বৌদ্ধ সম্প্রদায়ের জনগণের মৃত্যুর পর মরদেহ দাহ করতে হয় সবুজবাগ থানাধীন রাজারবাগস্থ হিন্দু সম্প্রদায়ের শ্মশানে। এতে অনেক সময় নানাবিধ অসুবিধার সৃষ্টি হয়। এ ছাড়া বন্ধুপ্রতিম দেশ চীনসহ বিভিন্ন বৌদ্ধ দেশের কর্তব্যরত ব্যক্তিবর্গ কেউ মারা গেলে তাঁদেরকেও এই শ্মশানে দাহ করতে হয়।

সম্প্রতি আপনার সংগে বৌদ্ধ সম্প্রদায়ের নেতৃবৃন্দের কুশল বিনিময়কালে আমাদের সংঘের মহাসচিব প্রফেসর ড. বিকিরণ প্রসাদ বড়ুয়া বৌদ্ধ শ্মশানের অভাবের বিষয়টি উত্থাপন করলে আমি তা আরো বিস্তৃতভাবে আপনার সামনে তুলে ধরি। আমি ধর্মরাজিক বৌদ্ধ মহাবিহার প্রাঙ্গণে বৈদ্যুতিক চুল্লীসহ শ্মশান তৈরীর জন্য আপনার নিকট আবেদন করি। আপনি বিষয়টি গুরুত্ব সহকারে আমলে নিয়ে আমাদেরকে কৃতজ্ঞতা পাশে আবদ্ধ করেছেন।

বৈদ্যুতিক চুল্লীর শ্মশান স্থাপনের জন্য ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মাননীয় মেয়রকে নির্দেশ প্রদান করার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি। ইতোমধ্যে শ্মশান নির্মাণের জন্য প্রণয়নকৃত Project Proforma (PP) তৈরী করে এর ব্যয় ১,৪৫,৯৫,০০০/- (এককোটি পঁয়তাল্লিশ লক্ষ পঁচানব্বই হাজার) টাকার প্রয়োজন জানিয়ে মাননীয় মেয়রকে আমরা দরখাস্ত করেছি। দরখাস্তের অনুলিপি সংযুক্ত করা হল।

আপনার সমীপে বিনীত আবেদন উক্ত শ্মশান নির্মাণ কল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে কৃতজ্ঞতা পাশে আবদ্ধ করবেন।

আপনার শুভ ও মঙ্গল কামনা করে-

(বুদ্ধপ্রিয় মহাথের)
সভাপতি, বাংলাদেশ বৌদ্ধ কৃষ্টি প্রচার সংঘ
ও
অধ্যক্ষ, ধর্মরাজিক বৌদ্ধ মহাবিহার।

রাষ্ট্রপতির কার্যালয়
জহঃ ও পিটি শাখা
ডাইরী নং ৯৩
তারিখ ২২/০৩/২৩

জন বিভাগ, উপসচিব (প্রশাসন)
ডাইরী নং ৫২
06 MAR 2023

প্রশাসন শাখা
ডাইরী নং ৯২

**সংযোজন: বর্ণনা মোতাবেক।**